

ঢাকা ওয়াসা

বিষয়ঃ উপ-সহকারী প্রকৌশলী পদে মৌখিক পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

১৫৪। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হলো।

১৫৫। ঢাকা ওয়াসার সরাসরি নিয়োগযোগ্য ১২টি পদে লিখিত পরীক্ষা গত ০৪/০৭/২০২৫ তারিখ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) কর্তৃক গ্রহণ করা হয়। তন্মধ্যে গত ০৮/১০/২০২৫ তারিখে অনুষ্ঠিত উচ্চতর সিলেকশন বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক উপ-সহকারী প্রকৌশলী (সিভিল/ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল) পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ০২/১১/২০২৫ হতে ০৬/১১/২০২৫ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিন দুই শিফটে (সকাল ১০:০০ টা হতে ও বেলা ২:০০ টা হতে) ওয়াসা ভবনস্থ ব্যবস্থাপনা পরিচালক এর সভা কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত হবে।

১৫৬। মৌখিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারেঃ

(ক) উপ-সহকারী প্রকৌশলী (সিভিল/ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল) পদে নিয়োগ পরীক্ষা উচ্চতর সিলেকশন বোর্ডের আওতাভুক্ত। সুতরাং উল্লিখিত পদে মৌখিক পরীক্ষার তারিখে উচ্চতর সিলেকশন বোর্ডের সম্মানিত আহবায়ক, সদস্যগণ এবং বিশেষজ্ঞ (Expert) গণকে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে নোটিশ দেয়া যেতে পারে।

(খ) উল্লিখিত পদে মৌখিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বর্ণিত সিলেকশন বোর্ডের সদস্যগণ, সহায়ক কর্মকর্তা ও সহযোগী কর্মচারীগণের সম্মানী ভাতা প্রদান প্রয়োজন হবে। এছাড়া পরীক্ষার দিন আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য কমন সার্ভিস বিভাগ-কে দায়িত্ব দেয়া যেতে পারে।

(গ) উপ-সহকারী প্রকৌশলী (সিভিল/ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল) পদে অনুষ্ঠিতব্য মৌখিক পরীক্ষা গ্রহণের লক্ষ্যে উচ্চতর সিলেকশন বোর্ড-এর সদস্যদের সম্মানীসহ অন্যান্য ক্ষেত্রে বিভিন্ন ভাতা ও খরচের হার নিম্নরূপভাবে নির্ধারণ করা যেতে পারেঃ

✓ উচ্চতর সিলেকশন কমিটির সদস্য ও বিশেষজ্ঞদের সম্মানী বাবদ (৯X৫০০০X২ শিফটX ৫ দিন)	৪,৫০,০০০/-
✓ সহায়ক কর্মকর্তাদের সম্মানী ভাতা বাবদ (২,৫০০+২,০০০+১,৫০০) = (৬,০০০X২ X৫)	৬০,০০০/-
✓ সহায়ক কর্মচারীদের সম্মানী বাবদ ৭ (সাত) জন (১০০০X৭ X ২ শিফট X ৫ দিন)	৭০,০০০/-
✓ স্টেশনারী খরচ বাবদ (১০০০/- X ৫ দিন)	৫,০০০/-
✓ প্রার্থীদের আপ্যায়ণ খরচ বাবদ (প্রতিদিন ৫০০/- X ৫ দিন)	২,৫০০/-
মোট=	৫,৮৭,৫০০/-

১৫৭। অনুচ্ছেদ-১৫৬ এর বর্ণনার আলোকে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা যেতে পারেঃ-

- উচ্চতর সিলেকশন কমিটির সম্মানিত সদস্যগণ এবং বিশেষজ্ঞদের উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে নোটিশ দেয়া যেতে পারে।
- মৌখিক পরীক্ষা গ্রহণের জন্য বুয়েট ও এমআইএসটি থেকে বিশেষজ্ঞ (Expert) মনোনয়নের জন্য পত্র প্রেরণ করা যেতে পারে।
- মৌখিক পরীক্ষার দিন সদস্যগণ, সহায়কগণের আপ্যায়ন সরবরাহের জন্য উপ সচিব, কমন সার্ভিস বিভাগ কে পত্র দেয়া যেতে পারে।
- উপ-সচিব প্রশাসন-১ এর অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে সর্বমোট ৫,৮৭,৫০০/- (পাঁচ লক্ষ সাতাশি হাজার পাঁচশত) টাকা প্রদানের জন্য হিসাব বিভাগে পত্র প্রেরণ করা যেতে পারে।

১৫৮। এমতাবস্থায়, নোট অনুচ্ছেদ-১৫৭ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো। প্রস্তাব অনুমোদিত হলে এতদবিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত
সুপারিনটেন্ডেন্ট
অফিস সুপারিনটেন্ডেন্ট
প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা

স্বাক্ষরিত
মোঃ মাহাবুবুল হক
সহকারী সচিব, প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

স্বাক্ষরিত
১৫.১০.২৫
DS (A-1)
নূরুজ্জামান মিয়াজী
উপ-সচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

স্বাক্ষরিত
DMD (HR & Admin)

স্বাক্ষরিত
১৫/১০/২৫

মোঃ হাশিম রহমান খান
সচিব
ঢাকা ওয়াসা

মোঃ আমিরুল ইসলাম
(যুগ্মসচিব)
উপ-সহকারী পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)

মোঃ শাহজাহান মিয়া
অতিরিক্ত সচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা